গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অধ্যক্ষের কার্যালয়
শহীদ বুলবুল সরকারি কলেজ, পাবনা
**www.sbgcp.edu.bd**

**একাদশ শ্রেণিতে ভর্তি বিজ্ঞপ্তি (শিক্ষাবর্ষ : ২০২৪-২০২৫)**

বিজ্ঞপ্তি নম্বর: ০৭/২০২৪ তারিখ: ০৯/০৭/২০২৪ খ্রি.

২০২৪-২০২৫ শিক্ষাবর্ষে মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, রাজশাহী কর্তৃক শহীদ বুলবুল সরকারি কলেজে একাদশ শ্রেণিতে মনোনয়নপ্রাপ্ত শিক্ষার্থীদের নিম্নোক্ত পদ্ধতিতে ভর্তি কার্যক্রম সম্পন্ন করতে হবে।

১। শহীদ বুলবুল সরকারি কলেজে ভর্তি প্রক্রিয়া আগামী ১৫/৭/২০২৪ (সোমবার) তারিখ হতে ২৫/০৭/২০২৪ তারিখ (বৃহস্পতিবার) পর্যন্ত সম্পূর্ণ অনলাইনে চলবে।

২। **ভর্তি ফি এর বিবরন:**

| ক্রমিক | বিভাগ | টাকা |
|---|---|---|
| ০১ | বিজ্ঞান | ২৯৫০/- |
| ০২ | মানবিক | ২৮৯০/- |
| ০৩ | ব্যবসায় শিক্ষা | ২৮৯০/- |
| ০৪ | শিক্ষা বিরতি ফি (প্রযোজ্য ক্ষেত্রে) | ১৫০/- |

৩। **শিক্ষা কোটা (EQ) :** শিক্ষা কোটায় (**EQ**) ভর্তির ক্ষেত্রে আগামী ২১/০৭/২০২৪ তারিখ (সকাল ১০.০০ ঘটিকা) শিক্ষার্থীদের স্বশরীরে কলেজে উপস্থিত হয়ে নিম্নলিখিত কাগজপত্র দাখিলপূর্বক কলেজের ভর্তি ফি জমা প্রদান করার অনুমোদন নিতে হবে। শিক্ষা মন্ত্রণালয়ের অধীনস্থ দপ্তর/সংস্থায় কর্মরত কর্মকর্তা/কর্মচারীদের সন্তানদের ক্ষেত্রে মহানগর, বিভাগীয় ও জেলা সদরের শিক্ষা প্রতিষ্ঠানে ভর্তির জন্য ন্যূনতম যোগ্যতা থাকা সাপেক্ষে ১% কোটা সংরক্ষিত থাকবে। সংশিলষ্ট কর্মকর্তা / কর্মচারী যে মহানগর / বিভাগ / জেলায় কর্মরত থাকবেন তার সন্তান সে মহানগর / বিভাগ / জেলায় ভর্তির জন্য বিবেচিত হবেন। সন্তান ভর্তির সময় সংশ্লিষ্ট কর্মকর্তা / কর্মচারী-কে তার দপ্তর প্রধানের প্রত্যয়নপত্র দাখিল করতে হবে। তবে কর্মকর্তা নিজস্ব দপ্তরের প্রধান হলে সেক্ষেত্রে তাঁর একধাপ উপরের উর্ধ্বতন কর্মকর্তার প্রত্যয়নপত্র দাখিল করতে হবে।

৪। **মুক্তিযোদ্ধা কোটা (FQ) :** মুক্তিযোদ্ধা (**FQ**) কোটায় ভর্তির ক্ষেত্রে আগামী ২১/০৭/২০২৪ তারিখ (সকাল ১০.০০ ঘটিকা) শিক্ষার্থীদের স্বশরীরে কলেজে উপস্থিত হয়ে নিম্নলিখিত কাগজ দাখিলপূর্বক কলেজের ভর্তি ফি জমা প্রদান করার অনুমোদন নিতে হবে। মুক্তিযোদ্ধা (**FQ**) কোটা সুবিধাপ্রাপ্ত শিক্ষার্থীদের নিম্নোক্ত কাগজপত্র দাখিল করতে হবে; (ক) এসএসসি'র মূল একাডেমিক ট্রান্সক্রিপ্ট, (খ) মুক্তিযোদ্ধা মন্ত্রণালয় কর্তৃক প্রদত্ত মুক্তিযোদ্ধার গেজেট কপি, সনদের মূল কপি ও ফটোকপি, (গ) মুক্তিযোদ্ধার জাতীয় পরিচয়পত্রের ফটোকপি এবং এসএসসি'র সনদপত্রের ফটোকপি (প্রযোজ্য ক্ষেত্রে), (ঘ) মুক্তিযোদ্ধা দাদা হলে শিক্ষার্থীর পিতার জাতীয় পরিচয়পত্রের ফটোকপি এবং এসএসসি সনদের ফটোকপি বা এসএসসি (পাস) না হলে অনলাইন জন্ম নিবন্ধনের কপি (প্রযোজ্য ক্ষেত্রে), (ঙ) মুক্তিযোদ্ধা নানা হলে শিক্ষার্থীর মাতার জাতীয় পরিচয়পত্রের ফটোকপি এবং এসএসসি সনদের ফটোকপি বা এসএসসি (পাস) না হলে অনলাইন জন্ম নিবন্ধনের কপি (প্রযোজ্য ক্ষেত্রে), (চ) অনলাইন থেকে ডাউনলোডকৃত মুক্তিযোদ্ধার বিস্তারিত তথ্য যেখানে স্বামী/স্ত্রীর নামসহ পোষ্যদের নাম অর্ন্তভুক্ত রয়েছে তার কপি। (ছ) শিক্ষার্থীর জন্ম নিবন্ধনের অনলাইন কপি। (জ) মুক্তিযোদ্ধা কমান্ডার কর্তৃক প্রত্যয়ন পত্র।

৫। কলেজের ভর্তির ওয়েবসাইট **http://sbgcp.eshiksaems.com** এ প্রয়োজনীয় তথ্য প্রদান করে ভর্তি কার্যক্রম সম্পন্ন করতে হবে। ভর্তি ফি বিকাশ/নগদ/রকেট এ প্রদান করলে শিক্ষার্থীর মোবাইলে ভর্তি সম্পন্ন হওয়ার SMS যাবে।

## অনলাইন ভর্তি ফরম পূরণ সংক্রান্ত বিস্তারিত নির্দেশনা-

- কলেজের ভর্তির ওয়েবসাইট **http://sbgcp.eshiksaems.com** এ গিয়ে নিম্নোক্ত **User Name** ও **Password** দিয়ে ভর্তি কার্যক্রম শুরু করতে হবে।
- **User Name: sbgcpstudent, Password: sbgcpstudent** দিয়ে **Sign In** করতে হবে।
- এরপর **Admission** এ ক্লিক করে **Click for New Admission** এ ক্লিক করতে হবে।
- **Select Department** এবং **Enter SSC Roll (6 Digit)** ঘর দুটি পূর্ণ করে **Check for Admission** এ ক্লিক করলে ভর্তি ফরম আসবে।
- ভর্তি ফরমে চাহিত তথ্যাদি প্রদান করে Save বাটন ক্লিক করতে হবে।
- **ভর্তি ফরমে অবশ্যই কলেজ নির্ধারিত ইউনিফর্ম পরিহিত অবস্থায় সদ্যতোলা ছবি আপলোড দিতে হবে। এই ছবি ভর্তির আবেদন ফরম, আইডি কার্ড ও বোর্ড রেজিস্ট্রেশনে ব্যবহার করা হবে।** ভর্তি ফি প্রদান করে **Application Form Reprint** অপশন থেকে পূরণকৃত ফরম ডাউনলোড করে ২ কপি প্রিন্ট করে ১ কপি কলেজে জমা দিতে হবে এবং অন্যকপি নিজের সংগ্রহে রাখতে হবে। **এখানেই ভর্তি প্রক্রিয়া শেষ।** উল্লেখ্য ভর্তি ফরমের সঙ্গে অন্য কোনো কাগজপত্র জমা দিতে হবে না।

৬। পরবর্তীতে চাহিবামাত্র এসএসসি পরীক্ষার মূল একাডেমিক ট্রান্সক্রিপ্ট কলেজ অফিসে জমা দিতে হবে।

৭। ভর্তি সংক্রান্ত যেকোন তথ্যর জন্য যোগাযোগ : আহ্বায়ক, ড. মো. শফিকুল ইসলাম (সহযোগী অধ্যাপক, বাংলা), মোবাইল: ০১৭১২ ২৯২৪৭২, সদস্য : মোঃ খাইরুল ইসলাম (সহকারী অধ্যাপক, পদার্থ বিজ্ঞান) মোবাইল ০১৭১৯ ৩৬১৪৩৬ সদস্য : মোঃ তারিকুল ইসলাম, ( প্রদর্শক, প্রাণিবিদ্যা) মোবাইল: ০১৭২৮ ২৩৩০৮১

## "বিষয় গুচ্ছ"

**নিম্নবর্ণিত ছক অনুসারে বিষয় নির্বাচন করতে হবে। সকল গ্রুপের চতুর্থ বিষয় এবং মানবিকের ঐচ্ছিক বিষয় নির্বাচন অবশ্যই শিক্ষার্থীদের সঠিক সিদ্ধান্ত নিয়ে নির্বাচন করতে হবে।**

| শাখা | আবশ্যিক বিষয় (বাধ্যতামূলক) | ঐচ্ছিক বিষয় বিজ্ঞান ও ব্যবসায় শিক্ষায় যে কোন ১টি বিষয় এবং মানবিকে যে কোন ৩টি বিষয় নির্বাচন করতে হবে। | চতুর্থ বিষয় যে কোন ১টি বিষয় নির্বাচন করতে হবে। |
|---|---|---|---|
| বিজ্ঞান | বাংলা (১০১ ১০২), ইংরেজি (১০৭ ১০৮), পদার্থ বিজ্ঞান (১৭৪ ১৭৫), রসায়ন (১৭৬ ১৭৭), আইসিটি (২৭৫) | উচ্চতর গণিত (২৬৫ ২৬৬)<br>জীববিদ্যা (১৭৮ ১৭৯) | জীববিদ্যা (১৭৮ ১৭৯)<br>উচ্চতর গণিত (২৬৫ ২৬৬)<br>কৃষিশিক্ষা (২৩৯ ২৪০) |
| ব্যবসায় শিক্ষা | বাংলা (১০১ ১০২), ইংরেজি (১০৭ ১০৮), হিসাববিজ্ঞান (২৫৩ ২৫৪), ব্যবসায় সংগঠন ও ব্যবস্থাপনা (২৭৭ ২৭৮), আইসিটি (২৭৫), | ফিন্যান্স, ব্যাংকিং ও বীমা (২৯২ ২৯৩) | অর্থনীতি (১০৯ ১১০)<br>কৃষিশিক্ষা (২৩৯ ২৪০) |
| মানবিক | বাংলা (১০১ ১০২), ইংরেজি (১০৭ ১০৮), আইসিটি (২৭৫) | ক) ইতিহাস (৩০৪ ৩০৫) / ইসলামের ইতিহাস (২৬৭ ২৬৮)<br>খ) অর্থনীতি (১০৯ ১১০) / যুক্তিবিদ্যা (১২১ ১২২)<br>গ) সমাজবিজ্ঞান (১১৭ ১১৮) / পৌরনীতি (২৬৯ ২৭০) | ঐচ্ছিক ৩টা বিষয় গৃহিত হবার পর যে কোন ১টা অথবা কৃষিশিক্ষা |

### শিক্ষার্থীদের জন্য নির্ধারিত পোশাক




| শাখা | ছাত্র | ছাত্রী |
|---|---|---|
| বিজ্ঞান | বিস্কুট কালার ফুল হাতা শার্ট, লাল সোল্ডার, নেভী ব্লু প্যান্ট, কালো জুতা। | বিস্কুট কালার কামিজ, লাল সোল্ডার, নেভী ব্লু সালোয়ার ও ওড়না/স্কার্ফ, সাদা কেড্‌স |
| মানবিক | বিস্কুট কালার ফুল হাতা শার্ট, নেভী ব্লু সোল্ডার, নেভী ব্লু প্যান্ট, কালো জুতা। | বিস্কুট কালার কামিজ, নেভী ব্লু সোল্ডার, নেভী ব্লু সালোয়ার ও ওড়না/স্কার্ফ, সাদা কেড্‌স |
| ব্যবসায় শিক্ষা | বিস্কুট কালার ফুল হাতা শার্ট, সবুজ সোল্ডার, নেভী ব্লু প্যান্ট, কালো জুতা। | বিস্কুট কালার কামিজ, সবুজ সোল্ডার, নেভী ব্লু সালোয়ার ও ওড়না/স্কার্ফ, সাদা কেড্‌স |
| ঐচ্ছিক পোশাক (যারা বোরখা/হিজাব পড়তে ইচ্ছুক) | | বিস্কুট কালার বোরকা, নেভী ব্লু হিজাব |

প্রতিস্বাক্ষর


প্রফেসর মোঃ বাহেজ উদ্দিন
আইডি. নং-৭৮৮২
অধ্যক্ষ
শহীদ বুলবুল সরকারি কলেজ, পাবনা

০৭.০৭.২০২৪
ড. মোঃ শফিকুল ইসলাম
সহযোগী অধ্যাপক, বাংলা
ও
আহ্বায়ক
একাদশ শ্রেণি ভর্তি কমিটি-২০২৪-২০২৫
শহীদ বুলবুল সরকারি কলেজ, পাবনা

## শহীদ বুলবুল সরকারি কলেজ, পাবনা সফটওয়ারে উচ্চ মাধ্যমিক শ্রেণিতে ভর্তি প্রক্রিয়া


শিক্ষার্থীরা নিম্নোক্ত **User Name** ও **Password** দিয়ে **http://sbgcp.eshiksaems.com** সফটওয়ার এ ঢুকে তাদের ভর্তি প্রক্রিয়া সম্পন্ন করতে পারবে।

**User Name: sbgcpstudent**
**Password : sbgcpstudent**





### ভর্তির প্রক্রিয়া

সফটওয়ার এ **Login** করার পর **Admission** এ ক্লিক করে **Click for New Admission** এ ক্লিক করতে হবে।




**Select Group** থেকে **HSC** সিলেক্ট করে, **Select Department** থেকে (**Science, Humanities, Business Studies**) যে গ্রুপে ভর্তি হতে চায় তা সিলেক্ট করে **Admission Roll** দিয়ে **Check for Admission** এ ক্লিক করতে হবে।




এরপর শিক্ষার্থীকে নিম্নোক্ত তথ্য সমূহ পূরণ করতে হবে।

Student Admission

| | | | |
|---|---|---|---|
| Name(English) * | RUMI BEGUM | Father Name * | |
| Name(বাংলা) * | | Father NID | |
| Student Birth Certificate/NID * | | Father Phone * | |
| Nationality | Bangladeshi | Father's Occupation | |

গুচ্ছ থেকে **Elective** ও **Forth Subject** নির্বাচন করে **Add Subjects** এ **Click** করতে হবে।

Add Subjects

Subject: 178-Biology 1st paper (Elective) -|- Group: 1 -|- Choice Count: 1

Subject: 265-Higher Math 1st paper (Elective) -|- Group: 1 -|- Choice Count: 1

Subject: 265-Higher Math 1st paper (Fourth) -|- Group: 2 -|- Choice Count: 1

Remove

7 out of 7 subject selected

| Subject Code | Subject Name | Subject Type | Group | গুচ্ছ | Choice Count | Remove |
|---|---|---|---|---|---|---|
| 101 | Bangla 1st paper | mandatory | 0 | 1 | 0 | |
| 107 | English 1st paper | mandatory | 0 | 1 | 0 | |
| 178 | Biology 1st paper | elective | 1 | 1 | 1 | Remove |
| 174 | Physics 1st paper | mandatory | 0 | 1 | 0 | |
| 176 | Chemistry 1st paper | mandatory | 0 | 1 | 0 | |
| 265 | Higher Math 1st paper | fourth | 2 | 1 | 1 | Remove |
| 275 | ICT | mandatory | 0 | 1 | 0 | |

Department: HSC - Science

Session*: 2022-2023

Application Date: 18-01-2023

Save

**Save** এ ক্লিক করার পর টাকার পরিমানসহ পূরণকৃত ভর্তির ফরম আসবে। শিক্ষার্থীরা **bKash/Nagad/Rocket** এ **Admission Roll** দিয়ে নির্ধারিত টাকা পরিশোধ করলে স্বয়ংক্রিয়ভাবে **Class Roll** পড়বে এবং শিক্ষার্থীর সংশ্লিষ্ট মোবাইল নম্বরে ভর্তি সম্পন্ন হওয়ার **SMS** যাবে। এরপর শিক্ষার্থীকে **Application Form Reprint** অপশনে এ ক্লিক করে **Admission Roll** দিয়ে পূরণকৃত ভর্তির ফরম ডাউনলোড ও প্রিন্ট করে ১ কপি নিজের কাছে এবং অন্যকপি ভর্তি কমিটির কাছে জমা দিতে হবে।

প্রতিস্বাক্ষর
Buddin
০৭/০৭/২৪
প্রফেসর মোঃ বাহেজ উদ্দিন
আইডি. নং-৭৮৮২
অধ্যক্ষ
শহীদ বুলবুল সরকারি কলেজ, পাবনা

প্রফেসর মোঃ বাহেজ উদ্দিন (৭৮৮২)
অধ্যক্ষ
শহীদ বুলবুল সরকারি কলেজ, পাবনা।

০৭.০৭.২০২৪
ড. মোঃ শফিকুল ইসলাম
সহযোগী অধ্যাপক, বাংলা
ও
আহ্বায়ক
একাদশ শ্রেণি ভর্তি কমিটি-২০২৪-২০২৫
শহীদ বুলবুল সরকারি কলেজ, পাবনা